গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.৫০১.১৯-৬৩৮ তারিখঃ ০৭ /০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের অধীনে সম্পাদিত কাজের চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও অর্থ ছাড় প্রসঙ্গে।

সূত্রঃ ০১। অত্রাফিসের প্রাক্কলন ও কার্যাদেশ পত্র যথাক্রমে স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.৫০১.১৯-২৬৫ ও ৯৫৮, তারিখঃ ২৩/০৯/২০১৯ খ্রিঃ ও ২১/১১/২০১৯খ্রিঃ।
০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ এর পত্র, স্মারক নং- ৫১.০১.৬১৭২.০০০.৯৬.০৯৫.১৯-৩৫১, তারিখঃ ০৩/০৬/২০২০ খ্রিঃ।
০৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর পত্র, স্মারক নং-৫১.০০.০০০০.২৪২.১৪.১০৯.১৮.৮৬৯, তারিখঃ ১৭/০৫/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে সূত্রোস্থ ০১ নং স্মারকে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার ০৫ (পাঁচ) টি প্যাকেজে প্রকল্পের জন্য মোট ৩,২৮,৯০,০০০.০০ (তিন কোটি আটাশ লক্ষ নব্বই হাজার) টাকা প্রাক্কলন এবং মূল্যায়ন পরবর্তী চূড়ান্ত কার্যাদেশ মূল্য ৩,১২,৪৫,৫০০.০০ (তিন কোটি বার লক্ষ পঁতাল্লিশ হাজার পাঁচশত) টাকা অনুমোদন প্রদান করা হয়। অনুমোদিত প্রকল্পের ইতোমধ্যে কাজের অগ্রগতি বিবেচনায় ১ম কিস্তিতে চলতি বিল বাবদ মোট ৫৬,০০,০০০/- (ছাপ্পান্ন লক্ষ) টাকা ছাড় করা হয়েছে এবং ছাড়কৃত টাকা সম্পূর্ণ চলতি বিল প্রদান করা হয়েছে। প্রকল্প সমূহের কাজের গুণগতমান রক্ষা করে ১০০% সমাপ্ত হওয়ায় সূত্রস্থ ০২ নং স্মারকে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রেরিত নিম্নোল্লিখিত প্যাকেজের বিপরীতে চুড়ান্ত প্রাক্কলন মোট ৩,১২,২৮,০০০/- (তিন কোটি বার লক্ষ আটাইশ হাজার) টাকা এতদ্বারা অনুমোদন করা হলো। চুড়ান্ত প্রাক্কলনে অনুমোদিত টাকা হতে ইতোপূর্বে চলতি বিলে ছাড়কৃত ৫৬,০০,০০০/- (ছাপ্পান্ন লক্ষ) টাকা বাদে অবশিষ্ট পাওনা মোট (৩,১২,২৮,০০০ - ৫৬,০০,০০০)= ২,৫৬,২৮,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ আটাইশ হাজার) টাকা।

| প্যাকেজ নং | প্রকল্পের নাম | চুড়ান্ত অনুমোদিত মূল্য |
|---|---|---|
| W479 DDM HBB-01 | (ক) আচারগাঁও ইউনিয়নের জামতলা বাজারের দক্ষিণ পাশ্বে পাঁকা রাস্তা হইতে হাওলা পাড়া পর্যন্ত ( ৮৯০.০০ মিটার) রাস্তায় এইচবিবিকরণ (খ) নান্দাইল ইউনিয়নের সাভার মুস্তাজ মিয়ার বাড়ী সংলগ্ন পাঁকা রস্তা হইতে সাভার মালেক মেম্বারের বাড়ী পর্যন্ত (৫১০ মিটার) রাস্তায় এইচবিবিকরণ | ৭২৮৮০০০.০০ |
| W479 DDM HBB-02 | আচারগাঁও ইউনিয়নের খালপাড় বাজার ব্রীজ সংলগ্ন স্থান হইতে সিংদই জামে মসজিদ সংলগ্ন ব্রীজ (১৩৫০মিটার) পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ | ৭০০৪০০০.০০ |
| W479 DDM HBB-03 | খারুয়া ইউনিয়নের হাটশিরা স: প্রা: বি: হইতে কুর্শা তোফাজ্জল ফকিরের বাড়ী পর্যন্ত রাস্তায় (১০০০ মিটার) এইচবিবি করণ | ৫২০৫০০০.০০ |
| W479 DDM HBB-04 | (ক) জাহাঙ্গীরপুর ইউনিয়নের কালীর বাজার দেউলডাংরা তাহের উদ্দিনের বাড়ী হইতে হোসনেপুর সীমানা পর্যন্ত রাস্তায় (৭৫০.০০ মিটার) (খ) জাহাঙ্গীরপুর ইউনিয়নের দুবরা কান্দা ব্রীজ বরিল্যা বাজার হয়ে বাঘের বাজার রাস্তায় (৫০০ মিটার) এইচবিবি করণ । | ৬৫২৬০০০.০০ |
| W479 DDM HBB-05 | রাজগাতী ইউনিয়নের ময়নার বাবার বাড়ী হইতে মাজন বাড়ী ভায়া কুড়ের পাড় ব্রীজ পর্যন্ত রাস্তায় (১০০০ মিটার) এইচবিবি করণ | ৫২০৫০০০.০০ |
| | মোট | ৩,১২,২৮,০০০.০০ |

০২. প্রকল্পের বাজেট বরাদ্দ স্বল্পতার কারণে ২,৫৬,২৮,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ আটাইশ হাজার) টাকার মধ্যে ১,৯২,২১,০০০/- (এক কোটি বিরানব্বই লক্ষ একুশ হাজার) টাকা ছাড় করা হলো। পরবর্তীতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অবশিষ্ট (২,৫৬,২৮,০০০ - ১,৯২,২১,০০০) = ৬৪,০৭,০০০/- (চৌষট্টি লক্ষ সাত হাজার) টাকা প্রদান করা হবে।

০৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগনকে তাঁদের অনুকুলে ছাড়কৃত অর্থ হতে যৌথ স্বাক্ষরে ঠিকাদারের বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের ক্ষমতা প্রদান করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্পের দরপত্রে উল্লেখিত শর্তানুযায়ী ও পিপিআর- ২০০৮ (সর্বশেষ সংশোধিতসহ) অনুযায়ী এ অর্থ ব্যয় করবেন। তবে উল্লেখ্য যে, কার্যাদেশে উল্লিখিত কাজ সমাপ্তির নির্ধারিত তারিখের পর যে সকল আইটেমের কাজ সমাপ্ত হয়েছে, সে সকল আইটেমের বিল পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধিতসহ) অনুযায়ী জরিমানা কর্তনপূর্বক প্রদান করতে হবে।

চলমান পাতা

০৪. এ ব্যয় চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের উন্নয়ন বাজেট ব্যয় বিভাজন এর প্রকল্প কোড নং- ২-১৪৯০২-২২৩০০৩৫৮০০ অধীনে "মূলধন" খাতভুক্ত ৪১১১৩ এর অধীন "গ্রামীণ সড়ক" অর্থনৈতিক কোড- ৪১১১৩০৪ এর হিসাব খাতের বিপরীতে ব্যয় নির্বাহ করা হবে। সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প কোড নং- ২২৩০০৩৫৮০০ ১৩১৮১৪। ব্যয়িত অর্থের হিসাব নিরীক্ষার নিমিত্তে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিধি মোতাবেক প্রয়োজনীয় কাগজ পত্র সংরক্ষণ করবেন। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়কে সংশ্লিষ্ট উপজেলা বরাবরে উল্লিখিত পরিমাণ অর্থের অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫. ছাড়কৃত অর্থ হতে প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট/ আয়কর কর্তনযোগ্য।

07/06/2020

(দীপক রঞ্জন অধিকারী)
(যুগ্ম-সচিব)
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ০২-৯৮৫৬৩৩৫।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নান্দাইল, জেলা- ময়মনসিংহ।

৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল, জেলা- ময়মনসিংহ।

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.৫০১.১৯- তারিখঃ /০৬/২০২০ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জেলা- ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। জেলাত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা- ময়মনসিংহ।
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা- ময়মনসিংহ।
৮। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।
৯। সংরক্ষণ নথি।

(মোঃ জিয়াউর রহমান খান)
উপ-প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
মোবাইলঃ ০১৭৩৮৬১৩৯৭০.